# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪

( ২০১৪ সনের ১২ নং আইন )

**Investment Corporation of Bangladesh Ordinance, 1976 (Ordinance No. XL of 1976) রহিতক্রমে উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও উৎসাহ প্রদান, পুঁজিবাজার উন্নয়ন, সঞ্চয় সংগ্রহ এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে সহায়তা প্রদানের লক্ষ্যে Investment Corporation of Bangladesh Ordinance, 1976 (Ordinance No. XL of 1976) রহিতক্রমে উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল, যথা :-

**সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

১। (১) এই আইন ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ বা বাংলাদেশের বাহিরে অবস্থিত কর্পোরেশনের ব্যবসায়িক লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে, -

(০১) ‘‘অগ্রিম’’ অর্থ বিনিয়োগের উদ্দেশ্যে প্রদানযোগ্য ঋণ;

(০২) ‘‘আর্থিক বিবরণী’’ অর্থ অন্তর্বর্তীকালীন বা চূড়ান্ত স্থিতিপত্র, আয় বিবরণী বা লাভ ও লোকসান হিসাব, ইক্যুইটি পরিবর্তনের বিবরণী, নগদ প্রবাহ বিবরণী, টীকা ও অপরাপর বিবরণী ও ইহাদের উপর ব্যাখ্যামূলক বিবৃতি;

(০৩) ‘‘উপ-ব্যবস্থাপনা পরিচালক’’ অর্থ কর্পোরেশনের উপ-ব্যবস্থাপনা পরিচালক;

(০৪) ‘‘কর্পোরেশন’’ অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি);

(০৫) ‘‘কর্মচারি’’ অর্থে কর্পোরেশনের কোন কর্মচারি এবং কর্পোরেশনের কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(০৬) "কোম্পানি" অর্থে কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২(ঘ) এ সংজ্ঞায়িত কোম্পানি এবং আপাতত বলবৎ অন্য কোন আইনের অধীন বাংলাদেশে স্থাপিত বা নিগমিত বিধিবদ্ধ কোন সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(০৭) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(০৮) "ডিবেঞ্চার" অর্থে ডিবেঞ্চারসমূহ ইস্যুর ক্ষেত্রে কোন কোম্পানি বা প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে ইস্যুকৃত ডিবেঞ্চার এবং ডিবেঞ্চার স্টকও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(০৯) "ডিপোজিট এ্যাকাউন্ট" অর্থ বিনিয়োগের উদ্দেশ্যে কর্পোরেশন কর্তৃক পরিচালিত নগদ জমা হিসাব;

(১০) "পরিচালক" অর্থ কর্পোরেশনের পরিচালক;

(১১) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(১২) "বন্ড" অর্থ সরকার বা কোন প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত যে কোন ধরনের বন্ড;

(১৩) "বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড" অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ এর অধীন বাংলাদেশ শিল্প ব্যাংক এবং বাংলাদেশ শিল্প ঋণ সংস্থার ব্যবসায়িক দায়-দায়িত্ব গ্রহণ করিয়া নিবন্ধিত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড;

(১৪) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৫) "বিনিয়োগ" অর্থ ইক্যুইটি বা ডিবেঞ্চারে বিনিয়োগ এবং অন্য কোন কোম্পানি বা প্রতিষ্ঠানের বিভিন্ন সিকিউরিটিজে বিনিয়োগ;

(১৬) "বোর্ড" অর্থ কর্পোরেশনের পরিচালনা বোর্ড;

(১৭) "ব্যবস্থাপনা পরিচালক" অর্থে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক এবং ব্যবস্থাপনা পরিচালকের কার্যাবলী সম্পাদনের জন্য সাময়িকভাবে দায়িত্বপ্রাপ্ত যে কোন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(১৮) "মহাব্যবস্থাপক" অর্থ কর্পোরেশনের মহাব্যবস্থাপক;

(১৯) "শেয়ার" অর্থ বাংলাদেশে নিবন্ধিত অথবা বাংলাদেশের বাহিরে নিবন্ধিত যে কোন জয়েন্ট স্টক কোম্পানির নিবন্ধিত শেয়ার; এবং

(২০) "সিকিউরিটিজ" অর্থে,-

(ক) Securities Act, 1920 (X of 1920) এ সংজ্ঞায়িত কোন সরকারি সিকিউরিটি;

(খ) কোম্পানির সম্পদের উপর লিয়েন অথবা অধিকার (Charge) সৃষ্টিকারি কোন উপাদান; এবং

(গ) কোম্পানির ঋণ অথবা ঋণগ্রস্ততা আরোপকারী কোন উপাদান যাহার উপর কোন তৃতীয় পক্ষ কর্তৃক নিশ্চয়তা প্রদান করা হইয়াছে অথবা যাহার উপর কোন তৃতীয় পক্ষের সহিত যুগ্মভাবে নিশ্চয়তা প্রদান করা হইয়াছে, এবং যাহার মধ্যে কোন স্টক, বিনিয়োগযোগ্য শেয়ার, স্ক্রীপ, নোট, ঋণপত্র, ঋণপত্র স্টক, বন্ড, বিনিয়োগ চুক্তি, ডেরিভেটিভ, কমোডিটি ফিউচারস কন্ট্রাক্ট, অপশন্স কন্ট্রাক্ট, এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড এবং পূর্ব প্রাতিষ্ঠানিক সনদ অথবা এতদ্‌সংক্রান্ত প্রদত্ত চাঁদা এবং, সাধারণভাবে, কোন দাবী অথবা উপাদান যাহা সাধারণভাবে সিকিউরিটি হিসাবে পরিচিত; এবং কোন জমার সনদ, দাবীর সনদ অথবা অংশগ্রহণ, অস্থায়ী অথবা অন্তর্বর্তী সনদ, গ্রহণের দলিল, অথবা কোন ওয়ারেন্ট অথবা চাঁদা প্রদানের অধিকার অথবা উপরোক্ত কোন উপাদানের ক্রয় অন্তর্ভুক্ত হইবে :

তবে শর্ত থাকে যে, উহাতে কোন মুদ্রা বা নোট, খসড়া, বিনিময়যোগ্য বিল বা ব্যাংক কর্তৃক গৃহীতব্য বা কোন নোট যাহার পরিপক্কতা (maturity)), বা নবায়নের মেয়াদ অতিরিক্ত সময় ব্যতিরেকে, বারো মাসের অধিক নহে, উহা অন্তর্ভুক্ত হইবে না।

ব্যাখ্যা : এই আইনে ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সে সকল শব্দ বা অভিব্যক্তি Capital issues (Continuance of Control) Act, 1947 (XXIX of 1947), Securities and Exchange Ordinance,
1969 (XVII of 1969), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫নং আইন) এবং কোম্পানি আইন, ১৯৯৪ এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

**আইনের প্রধান্য**

৩। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

**প্রতিষ্ঠা এবং নিগমিতকরণ**

৪। (১) এই আইন কার্যকর হইবার সংগে সংগে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) নামে একটি কর্পোরেশন প্রতিষ্ঠিত হইবে।

(২) কর্পোরেশন একটি বিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইনের বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর, উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার

এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং কর্পোরেশন ইহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪নং আইন) অনুসারে লাইসেন্স প্রাপ্তি সাপেক্ষে কর্পোরেশন একটি ব্যাংকিং কোম্পানি হিসাবে গণ্য হইবে।

**প্রধান কার্যালয়, শাখা, ইত্যাদি**

৫। কর্পোরেশনের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে আঞ্চলিক ও শাখা কার্যালয় এবং এজেন্সি স্থাপন করিতে পারিবে।

**পরিচালনা এবং তত্ত্বাবধান**

৬। কর্পোরেশনের ব্যবসা ও ব্যবসা সংক্রান্ত ব্যবস্থাপনা, পরিচালনা এবং সাধারণ তত্ত্বাবধান একটি বোর্ডের উপর ন্যস্ত হইবে এবং কর্পোরেশন যে সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য ও বিষয়াদি সম্পাদন করিতে পারিবে, উক্ত বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ এবং কার্য ও বিষয়াদি সম্পাদন করিবে।

**বোর্ড**

৭। (১) নিম্নবর্ণিত পরিচালকগণের সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক মনোনীত ১(এক) জন চেয়ারম্যান;

(খ) সরকারি চাকুরিতে কর্মরত রহিয়াছেন এমন ব্যক্তিগণের মধ্য হইতে সরকার কর্তৃক নিযুক্ত অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার ২(দুই) জন পরিচালক;

(গ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক মনোনীত এবং সরকার কর্তৃক নিযুক্ত অন্যূন নির্বাহী পরিচালক পদমর্যাদার ১(এক) জন পরিচালক;

(ঘ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, পদাধিকারবলে;

(ঙ) সরকার এবং বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড ব্যতীত অন্যান্য শেয়ারহোল্ডারদের দ্বারা নির্বাচিত ৪(চার) জন পরিচালক;

(চ) সরকার কর্তৃক নিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক।

(২) উপ-ধারা (১) এর দফা (ঙ) এর অধীন নির্বাচিত একজন পরিচালক ৩(তিন) বছর মেয়াদের জন্য স্ব-পদে বহাল থাকিবেন এবং তাহার উত্তরসূরী নির্বাচিত না হওয়া পর্যন্ত দায়িত্ব পালন করিবেন এবং তিনি পুনঃনির্বাচিত হইবার যোগ্য হইবেন।

(৩) নির্বাচিত পরিচালক পদের আকস্মিক শূন্যতা নির্বাচনের মাধ্যমে পূরণ করা হইবে এবং উক্ত শূন্যতা পূরণের জন্য নির্বাচিত ব্যক্তি তাহার পূর্বসূরীর অবশিষ্ট মেয়াদের জন্য স্ব-পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, অনধিক ৩(তিন) মাসের জন্য পদ শূন্য হইলে, উক্ত শূন্য পদ পূরণের প্রয়োজন হইবে না।

(৪) পরিচালকগণ বোর্ড কর্তৃক অর্পিত বা ন্যস্তকৃত ক্ষমতা প্রয়োগ, কার্যাবলী সম্পাদন এবং দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

**ব্যবস্থাপনা পরিচালক**

৮। (১) ব্যবস্থাপনা পরিচালক কর্পোরেশনের প্রধান নির্বাহী হইবেন।

(২) ব্যবস্থাপনা পরিচালক বোর্ড কর্তৃক অর্পিত বা ন্যস্তকৃত ক্ষমতা প্রয়োগ, কার্যাবলী সম্পাদন এবং দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

**পরিচালকগণের যোগ্যতা ও অযোগ্যতা**

৯। (১) কোন ব্যক্তি পরিচালক হইবেন না বা পরিচালক থাকিবেন না, যিনি-

(ক) বাংলাদেশের নাগরিক নহেন;

(খ) এইরূপ কোন অপরাধের জন্য সাজাপ্রাপ্ত হন বা হইয়াছেন যাহা সরকারের বিবেচনায় নৈতিক স্খলনজনিত অপরাধ;

(গ) অপ্রাপ্ত বয়স্ক হন;

(ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক মানসিকভাবে অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(ঙ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া সাব্যস্ত হন বা কোন সময় হইয়াছেন বা দেনা পরিশোধে বিরত থাকেন বা পাওনাদারের সহিত কোন আপোষরফা করেন;

(চ) চেয়ারম্যান কর্তৃক ছুটি মঞ্জুর ব্যতীত বা, চেয়ারম্যানের ক্ষেত্রে, সরকার কর্তৃক ছুটি মঞ্জুর ব্যতীত, বোর্ডের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকেন;

(ছ) কর্পোরেশনের অর্থায়নে প্রতিষ্ঠিত কোন শিল্প প্রতিষ্ঠানের সহিত যে কোন আর্থিক বা অন্য কোন স্বার্থের সহিত সংশ্লিষ্ট থাকেন যাহা পরিচালক হিসাবে তাহার কার্যাবলী সম্পাদনের অনুচিত প্রভাব বিস্তার করিতে পারে;

(জ) কর্পোরেশনের আর্থিক সহায়তায় স্থাপিত কোন শিল্প প্রতিষ্ঠানের বেতনভুক্ত কর্মচারি থাকেন বা হন; বা

(ঝ) কর্পোরেশনের নির্বাচিত পরিচালকের ক্ষেত্রে, তাহার নামে বা যে প্রতিষ্ঠানের তিনি প্রতিনিধিত্ব করেন উক্ত প্রতিষ্ঠানের নামে ন্যূনতম যে পরিমাণ শেয়ার তাহার নির্বাচনের যোগ্যতা হিসাবে বিবেচিত, উহার তুলনায় কম সংখ্যক শেয়ার ধারণ করেন।